

শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা  
উপপরিচালক (ভিডব্লিউবি)  
<http://www.dwa.gov.bd>

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০৮.১৮.০১২.১৯.৩

তারিখ: ১৯ পৌষ ১৪২৯

০৩ জানুয়ারি ২০২৩

বিষয়: ২০২২-২০২৩ চক্রের ভিডব্লিউবি উপকারভোগীদের সঞ্চয়ের অর্থ ফেরৎ প্রদান ও ২০২৩-২০২৪ চক্রে মাসিক সঞ্চয়ের পরিমাণ ২২০/- পুনঃনির্ধারণ।

সূত্র: ২৪/০৪/২০২২ তারিখের কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় ২০২১-২০২২ চক্রের উপকারভোগী মহিলাদের নামে তাদের জন্য সুবিধাজনক নিকটস্থ ব্যাংক শাখায় স্ব স্ব সঞ্চয়ী ব্যাংক হিসাব খোলার মাধ্যমে মাসিক ২০০/- (দুইশত) টাকা হারে সঞ্চয়ের অর্থ জমা রাখা হয়। চলমান চক্র ৩১ ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখে সমাপ্ত হওয়ার পর উপকারভোগীদের সঞ্চয়ের অর্থ বুঝিয়ে দেয়া প্রয়োজন। সে লক্ষ্যে উপকারভোগীদের সঞ্চয়ের অর্থ স্ব স্ব হিসাবে সঠিকভাবে জমা হয়েছে কিনা তার সঠিকতা যাচাই করে নির্দিষ্ট দিনে ব্যাংক/ এজেন্ট ব্যাংক শাখার প্রতিনিধি (সঞ্চয়ের হিসাবসহ), ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ইউনিয়নের ট্যাগ অফিসার, এনজিও প্রতিনিধির (যিনি সঞ্চয়ের হিসাব সংরক্ষণ করেছেন) উপস্থিতিতে ভিডব্লিউবি উপকারভোগীদের নিকট সঞ্চয়ের অর্থ (সুদসহ) আগামী ১৫ জানুয়ারী, ২০২৩ তারিখের মধ্যে বুঝিয়ে দেয়ার জন্য অনুরোধ জানানো হলো এবং এ সংক্রান্ত প্রতিবেদন ভিডব্লিউবি শাখাতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২) উপকারভোগীদের সঞ্চয়ের অর্থ বুঝিয়ে দেয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক/এজেন্ট ব্যাংকের সাথে যোগাযোগসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। যদি কোন উপকারভোগী সঞ্চয়ের অর্থ উত্তোলনের পরও ব্যাংক হিসাব চলমান রাখতে চান তবে ব্যাংক নীতি অনুযায়ী উক্ত ভাতাভোগীর হিসাব চলমান রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩) গত ২৪/০৪/২০২২ তারিখের কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ভিডব্লিউবি উপকারভোগীদের মাসিক সঞ্চয়ের পরিমাণ ২০০/- (দুইশত) টাকার স্থলে ২২০/- (দুইশত বিশ) টাকা নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের নিকট হতে মাসিক ২২০/- (দুইশত বিশ) টাকা হারে সঞ্চয়ের অর্থ তাদের তাদের স্ব-স্ব ব্যাংক হিসাবে জমা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী।



৮-১-২০২৩

মনোয়ারা ইশরাত

পরিচালক

ফোন: ০২-৫৮৩১০৬২৯

ইমেইল:

[dwadhaka.director@gmail.com](mailto:dwadhaka.director@gmail.com)

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০৮.১৮.০১২.১৯.৩/১(৫১৭)

তারিখ: ১৯ পৌষ ১৪২৯  
০৩ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক (সকল)
- ২) উপ-পরিচালক (সকল) জেলা পর্যায়
- ৩) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)
- ৪) সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার/এজেন্ট ব্যাংক প্রতিনিধি
- ৫) সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি (চুক্তিবদ্ধ এনজিও)



৮-১-২০২৩

মনোয়ারা ইশরাত  
পরিচালক